পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভার কার্যবিবরণী

গত ২৩-২৪ এপ্রিল ২০২৫ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম এর সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্যসচিব পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর, বিভিন্ন বিভাগীয়/অঞ্চল, মহানগর ও জেলা কার্যালয় হতে প্রাপ্ত লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পসমূহের ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/ নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **এস এম নীটওয়্যারস্ লিমিটেড; শিরিরচালা, ভবানীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র নিটিং, ডাইং, প্রিন্টিং, গার্মেন্টস ওয়াশিং এবং ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য কারখানার অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক গত ২২/০৩/২০১৭ তারিখে ২২.০২.৩৩০০.১৩৮.৭২.৩৫৫৪.২০০০/ছাড়-২৬ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ২৫ মেট্রিক টন বস্ত্র নিটিং, ২৫.০৯ মেট্রিক টন বস্ত্র ডাইং, ১২.৫ টন প্রিন্টিং, ২.০৭ টন গার্মেন্টস ওয়াশিং এবং ৪০ টন ফিনিশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ২০০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল ৫(২) এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Color, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমনের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত স্লাজ ফিল্টার প্রেস যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) অপরিশোধিত তরল বর্জ্য পুনব্যবহার এবং ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে যথাক্রমে Zero Discharge Plan এবং Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

২. **ইউনিহেলথ স্পেশালাইজড হাসপাতাল লিমিটেড; ৬৯/ডি, গ্রিন রোড, পান্থপথ, ধানমন্ডি, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য হাসপাতালের অনুকূলে ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ১০০ (একশত) শয্যাবিশিষ্ট হাসপাতাল পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের জায়গা সম্প্রসারণ, শয্যা সংখ্যা বৃদ্ধি বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) হাসপাতালে সৃষ্ট বর্জ্য উৎসে আলাদাভাবে Colour coded এবং লেবেলযুক্ত বিন/পুরু ছিদ্রবিহীন ব্যাগে চিকিৎসা বর্জ্য সংগ্রহ করতে হবে।

গ) বর্জ্য সংগ্রহপাত্রের ২/৩ ভাগপূর্ণ হলে তা Collection করতে হবে।

ঘ) বর্জ্য হস্তান্তরকারীকে অবশ্যই Heavy duty gloves, face mask, boot এবং apron পরিধান করতে হবে।

ঙ) সৃষ্ট বর্জ্য একটি নিরাপদ তালাবদ্ধ জায়গায় সংরক্ষণ করতে হবে। তবে তা কোনো অবস্থায় ২৪ ঘন্টার বেশি সময় সংরক্ষণ করা যাবেনা।

চ) ধারালো বর্জ্য সাথে সাথে স্রেড করে কংক্রিটের পিট পদ্ধতিতে বিনষ্ট করতে হবে।

ছ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে হাসপাতালের তরল চিকিৎসা বর্জ্য ও পয়বর্জ্য পরিশোধনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত নকশা অনুসারে ১.৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন STP নির্মাণ করতে হবে এবং তা কার্যকর করতে হবে।

জ) হাসপাতালটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার STP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) হাসপাতালের চিকিৎসা বর্জ্য পরিশোধন ও পরিত্যাজনের জন্য প্রিজম এর নিকট হস্তান্তর করতে হবে।

ঞ) হাসপাতালের কার্যক্রম পরিচালনার কারণে হাসপাতাল সম্মুখস্থ রাস্তায় যানজটের সৃষ্টি না হয় সে জন্য নিজস্ব লোকবল দ্বারা যানজট নিরসনের কার্যকরী কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু রাখতে হবে।

ট) হাসপাতাল ভবনের চারদিকে উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

ঠ) হাসপাতালে Radioactive পদার্থ ব্যবহার এবং এর থেকে সৃষ্ট Radioactive বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পারমানবিক নিরাপত্তা ও বিকিরণ নিরাপত্তা বিধিমালা, ২০১২-এর আওতায় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ব্যতিত কোনো ধরনের এক্সরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) হাসপাতালের শব্দ এবং বায়বীয়/তরল বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ণ) প্রতিষ্ঠানটির চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী থাকতে হবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত হতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **মেসার্স আব্দুল্লাহ ব্যাটারি কোং (প্রা:) লিমিটেড; প্লট নং-সি ৩৫-৫১, ৫২-৬৩, ৬৮-৭৭, ৮৫-৯৪, ১০৭ এবং এ-৯-১১, বিসিক শিল্প নগরী, শিরোমনি, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেড এসিড ব্যাটারি প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে খুলনা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র মাসিক ১, ৪০,০০০ সংখ্যক লেড অ্যাসিড ব্যাটারি প্রস্তুতের জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) এ কারখানায় কাঁচামাল হিসেবে ব্যবহারের জন্য ব্যবহৃত লেড ব্যাটারী পুনচক্রায়ন করা যাবে না। উল্লিখিত কার্যক্রমের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

গ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে গ্যাসীয় নিঃসরণ বিশেষ করে লেড এবং বস্তুকণার নিঃসরণ বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০২২-এর তফসিল ৫ এর ১১(ক) এ উল্লেখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবেনা।

ঙ) কারখানাসৃষ্ট প্লাস্টিক জাতীয় কঠিন বর্জ্য রিসাইক্লিং করতে হবে।

চ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১০ ঘনমিটার/ঘণ্টা পরিশোধন ক্ষমতার তরল বর্জ্য পরিশোধনাগারের (ইটিপি) মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোন বাইপাস লাইনের মাধ্যমে নির্গমণ করা যাবে না।

ছ) ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল ৫ এর ১০(ক) নং ক্রমিকে উল্লেখিত মানমাত্রার মধ্যে হতে হবে। কোনো সময় তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

জ) কারখানার সকল বায়বীয় নিঃসরণ ব্যাগ ফিল্টার ও স্ক্র্যাবারের মাধ্যমে পরিশোধনপূর্বক নিঃসরণ করতে হবে। স্ক্র্যাবারের পানি ETP এর মাধ্যমে পরিশোধন করতে হবে এবং কারখানার মেঝে পানি ছিটিয়ে ভেজা রাখতে হবে।

ঝ) কারখানার সীসামিশ্রিত কঠিন বর্জ্য কোনোক্রমেই পরিবেশে নিক্ষেপ করা যাবে না। এ ধরনের বর্জ্য পুনব্যবহার উপযোগী না হলে তা কেবলমাত্র পরিবেশ অধিদপ্তরের অনুমতিক্রমে অন্যত্র বিশেষ প্রক্রিয়ায় Secure Landfill-এর ব্যবস্থা করতে হবে।

ঞ) কারখানার কাঁচামাল সংগ্রহের তথ্যাদি একটি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে উক্ত রেজিস্টারটি পরীক্ষা করা হবে। কারখানায় Good House-keeping ব্যবস্থা বজায় রাখতে হবে।

ট) কারখানার জেনারেটর থেকে নির্গত নির্গত ধোঁয়া নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদের Long sleeved plastic apron, Nitrile gloves, Safety helmet with visor, পানিরোধক সেফটি বুট Neoprene Cartridge Dust Respirator Musk এবং ব্যাগ হাউজ সংস্কার Dross/ Slag লোডিং/আনলোডিং-এর সময় কর্মরত শ্রমিকদের সম্পূর্ণ হুডযুক্ত ও সম্পূর্ণ শরীরাবৃত Apron, gloves & leggings, ওয়াটারপ্রুফ বুট, Breathing apparatus-সহ Full face mask-এর ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।

ড) প্রত্যেক শ্রমিকের জন্য পৃথকভাবে কর্মকালীন পোশাক এবং জুতা পরিবর্তনের জন্য Changing Room রাখতে হবে। প্রতিদিনের কর্মকালীন পোশাক প্রতিদিন ওয়াশের ব্যবস্থা রাখতে হবে এবং এর ফলে সৃষ্ট তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনের ব্যবস্থা রাখতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে অন্যান্য সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) কারখানায় কর্মরত শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। অত্র দপ্তর হতে আকস্মিক পরিদর্শনের সময় তা দেখাতে হবে।

ণ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য পরিবেশ বিষয়ে যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিক রেকর্ড সংরক্ষণ করতে হবে। প্রতি তিনমাস অন্তর অন্তর সংরক্ষিত রেকর্ডের সারসংক্ষেপ রিপোর্ট আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ত) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথা: ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

থ) কারখানার চত্বরে উপযুক্ত প্রজাতির দেশি জাতের ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

দ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, SS and Pb) এবং কারখানার পরিবেষ্টক বায়ুর গুণগতমান (PM and Pb) এর ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ধ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ন) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **ডায়াবেটিক এসোসিয়েশন মেডিকেল কলেজ ও হাসপাতাল; ফরিদপুর, মসজিদ বাড়ী সড়ক, ঝিলটুলী, সদর, ফরিদপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ৫০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য হাসপাতালের অনুকূলে ফরিদপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ৫০০ (পাঁচশত) শয্যাবিশিষ্ট হাসপাতাল পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের জায়গা সম্প্রসারণ, শয্যা সংখ্যা বৃদ্ধি বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) হাসপাতালে সৃষ্ট বর্জ্য উৎসে আলাদাভাবে Colour coded এবং লেবেলযুক্ত বিন/পুরু ছিদ্রবিহীন ব্যাগে চিকিৎসা বর্জ্য সংগ্রহ করতে হবে।

গ) বর্জ্য সংগ্রহপাত্রের ২/৩ ভাগ পূর্ণ হলে তা Collection করতে হবে।

ঘ) বর্জ্য হস্তান্তরকারীকে অবশ্যই Heavy duty gloves, face mask, boot এবং apron পরিধান করতে হবে।

ঙ) সৃষ্ট বর্জ্য একটি নিরাপদ তালাবদ্ধ জায়গায় সংরক্ষণ করতে হবে। তবে তা কোনো অবস্থায় ২৪ ঘন্টার বেশি সময় সংরক্ষণ করা যাবেনা।

চ) ধারালো বর্জ্য সাথে সাথে স্রেড করে কংক্রিটের পিট পদ্ধতিতে বিনষ্ট করতে হবে।

ছ) হাসপাতালের তরল চিকিৎসা বর্জ্য পরিশোধনের জন্য ৮ ঘনমিটার/দিন ক্ষমতাসম্পন্ন পয় বর্জ্য পরিশোধনাগার (এসটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে এবং তরল বর্জ্য নির্গমনের পূর্বে অবশ্যই জীবানুমুক্ত (disinfection) করতে হবে। পরিশোধিত

তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল-৩ এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

জ) হাসপাতালটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার STP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) সংক্রামক/জীবাণুযুক্ত কঠিন বর্জ্য ইউনিয়ন পরিষদকে হস্তান্তরের পূর্বে বাষ্প অটোক্লেভিং এর মাধ্যমে পরিশোধন করতে হবে। হাসপাতালের চিকিৎসা বর্জ্য Biomedical Waste incinerator ব্যতীত ধাতব, কংক্রিট বা মাটি দিয়ে নির্মিত সাধারণ চুলায় পুড়ানো যাবে না।

ঞ) সংক্রামক কঠিন বর্জ্য যেগুলো অটোক্লেভের মাধ্যমে জীবাণুমুক্ত করা সম্ভব নয় (যেমন: ক্যাথেটার, ড্রেনেজ টিউব, রক্ত সঞ্চালনের ব্যাগ/টিউব ইত্যাদি কেটে ধৌত করে রাসায়নিক প্রক্রিয়ার (NaOCl এর দ্রবণ) মাধ্যমে পরিশোধন করতে হবে।

ট) রোগীর শারীরবৃত্তীয় বর্জ্য (Placenta, body parts ইত্যাদি) গভীর মাটি চাপা দিতে হবে।

ঠ) Cytotoxic waste (highly hazardous) এ ধরণের ঔষধ সরবরাহকারীর নিকট ফেরত দিতে হবে।

ড) হাসপাতালের কার্যক্রম পরিচালনার কারণে হাসপাতাল সম্মুখস্থ রাস্তায় যানজটের সৃষ্টি না হয় সে জন্য নিজস্ব লোকবল দ্বারা যানজট নিরসনের কার্যকরী কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু রাখতে হবে।

ঢ) হাসপাতাল ভবনের চারদিকে উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

ণ) হাসপাতালে Radioactive পদার্থ ব্যবহার এবং এর থেকে সৃষ্ট Radioactive বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পারমানবিক নিরাপত্তা ও বিকিরণ নিরাপত্তা বিধিমালা, ২০১২-এর আওতায় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ব্যতিত কোনো ধরনের এক্সরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ত) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

থ) হাসপাতালের শব্দ এবং বায়বীয়/তরল বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

দ) প্রতিষ্ঠানটির চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী থাকতে হবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত হতে হবে।

ধ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ন) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

প) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **ফারিহা নীট টেক্স লিমিটেড; বাড়ৈভোগ, পশ্চিম মাসদাইর, এনায়েতনগর, ফতুল্লা, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স নিটিং, ডাইং, ইয়ার্ন ডাইং, ওয়াশিং, অলওভার প্রিন্টিং ও স্ক্রিন প্রিন্টিং, ফিনিশিং ও গার্মেন্টস এক্সেসরিজ, প্লাস্টিক/প্যাকেজিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য কারখানার অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক গত ১১/০২/২০২৪ তারিখে ছাড়পত্র নং: ২৪-১১৬৮১৭ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনসহ পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ফেব্রিক্স নিটিং, ৬৫ মেট্রিক টন ডাইং, ১ টন ইয়ার্ন ডাইং, ১৪ টন ওয়াশিং, ৮ টন অলওভার প্রিন্টিং ও স্ক্রিন প্রিন্টিং, ফিনিশিং ও গার্মেন্টস এক্সেসরিজ, ৮০০ কেজি প্লাস্টিক/প্যাকেজিং প্রস্তুত কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৩৫০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল-৫(২) এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Color, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমনের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত স্ক্রু প্রেস যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) প্রতিষ্ঠানটিতে পয়োবর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী STP নির্মাণ সম্পন্ন করতে হবে এবং তা কার্যকর রাখতে হবে।

ট) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ত) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

থ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে এ ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

দ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ধ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

৬. **গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ হাসপাতাল, মির্জানগর, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য হাসপাতালের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ২৫০ (দুইশত পঞ্চাশ) শয্যাবিশিষ্ট হাসপাতাল পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের জায়গা সম্প্রসারণ, শয্যা সংখ্যা বৃদ্ধি বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) হাসপাতালে সৃষ্ট বর্জ্য উৎসে আলাদাভাবে Colour coded এবং লেবেলযুক্ত বিন/পুরু ছিদ্রবিহীন ব্যাগে চিকিৎসা বর্জ্য সংগ্রহ করতে হবে।

গ) বর্জ্য সংগ্রহপাত্রের ২/৩ ভাগপূর্ণ হলে তা Collection করতে হবে।

ঘ) বর্জ্য হস্তান্তরকারীকে অবশ্যই Heavy duty gloves, face mask, boot এবং apron পরিধান করতে হবে।

ঙ) সৃষ্ট বর্জ্য একটি নিরাপদ তালাবদ্ধ জায়গায় সংরক্ষণ করতে হবে। তবে তা কোনো অবস্থায় ২৪ ঘন্টার বেশি সময় সংরক্ষণ করা যাবেনা।

চ) ধারালো বর্জ্য সাথে সাথে স্রেড করে কংক্রিটের পিট পদ্ধতিতে বিনষ্ট করতে হবে।

ছ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে হাসপাতালের তরল চিকিৎসা বর্জ্য ও পয়বর্জ্য পরিশোধনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত নকশা অনুসারে ৪ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন STP নির্মাণ করতে হবে এবং তা কার্যকর করতে হবে।

জ) হাসপাতালটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার STP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) হাসপাতালের চিকিৎসা বর্জ্য পরিশোধন ও পরিত্যাজনের জন্য প্রিজম এর নিকট হস্তান্তর করতে হবে।

ঞ) হাসপাতালের কার্যক্রম পরিচালনার কারণে হাসপাতাল সম্মুখস্থ রাস্তায় যানজটের সৃষ্টি না হয় সে জন্য নিজস্ব লোকবল দ্বারা যানজট নিরসনের কার্যকরী কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু রাখতে হবে।

ট) হাসপাতাল ভবনের চারদিকে উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

ঠ) হাসপাতালে Radioactive পদার্থ ব্যবহার এবং এর থেকে সৃষ্ট Radioactive বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পারমানবিক নিরাপত্তা ও বিকিরণ নিরাপত্তা বিধিমালা, ২০১২-এর আওতায় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ব্যতিত কোনো ধরনের এক্সরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) হাসপাতালের শব্দ এবং বায়বীয়/তরল বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩- এর তফসিল-৩ এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ণ) প্রতিষ্ঠানটির চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী থাকতে হবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত হতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৭. **MT. TRADER III (IMO NO.9213416), মেসার্স কিং স্টিলস, উত্তর সলিমপুর, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ২৯,১০১ মেট্রিক টন ওজনবিশিষ্ট MT. TRADER III (IMO NO.9213416) স্ক্র্যাপ জাহাজ মেসার্স কিং স্টিলস নামক শিপ ব্রেকিং ইয়ার্ডে ভাঙ্গার জন্য প্রযোজ্য হবে।

খ) Environmental Survey Form এ উল্লিখিত বিপদজ্জনক বর্জ্যের জন্য Chemical Safety Data Sheet সরবরাহ করতে হবে।

গ) জাহাজ ভাঙ্গার কার্যক্রম শুরুর পূর্বে সকল প্রকার তরল পদার্থ অপসারণপূর্বক জাহাজটি পরিষ্কার করতে হবে। এ প্রক্রিয়া পুরো জাহাজ ভাঙ্গা কার্যক্রম প্রক্রিয়ায় অব্যহত থাকবে।

ঘ) আলোচ্য জাহাজের জন্য বিপজ্জনক পদার্থের প্রণীত তালিকা (IHM) জাহাজের ভিতরে বিপজ্জনক পদার্থ নিরূপণে সক্ষম বিশেষজ্ঞের মাধ্যমে বা সেফটি এজেন্সি কর্তৃক Visual Sampling Check Plan (VSCP) এর মাধ্যমে IHM এর সঠিকতা নিশ্চিত করতে হবে।

ঙ) জাহাজের বিলজ ওয়াটার Oil-Water Separator এর মাধ্যমে তেল পৃথক করতে হবে এবং সেপারেটর হতে নির্গত তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনর্পূবক পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত মানমাত্রার নিশ্চিত হওয়া সাপেক্ষে সমুদ্রে নির্গমন করা যাবে।

চ) জাহাজের পয়োবর্জ্য STP এর মাধ্যমে পরিশোধন করতে হবে।

ছ) জাহাজ কাটার পূর্বে জাহাজের রং অপসারণ করতে হবে। সমুদ্রের পানিতে কিংবা সৈকতে পেইন্ট চিপস অপসারণ করা যাবে না।

জ) জাহাজের বিপজ্জনক বা সাধারণ বর্জ্য দিয়ে সামুদ্রিক বা সমুদ্র সৈকতের পরিবেশ দূষণ করা যাবে না।

ঝ) জাহাজ ভাঙ্গা প্রক্রিয়ায় সৃষ্ট বর্জ্য হ্যান্ডলিং, স্টোরেজ ও পরিত্যাজনের ক্ষেত্রে Best Management Practice অনুসরণ করতে হবে। সকল বিপজ্জনক বর্জ্য সংরক্ষণাগারের দরজায় উক্ত পদার্থের MSDS লাগিয়ে রাখতে হবে।

ঞ) সকল প্লাস্টিক বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী পুনচক্রায়নকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করতে হবে।

ট) ভারী ধাতুযুক্ত জিনিসপত্র, চিকিৎসা বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট পরিত্যাজনের জন্য হস্তান্তর করতে হবে।

ঠ) Intertidal Zone-এ শুধু প্রাইমারি কাটিং সম্পন্ন করা যাবে। এ সময় তেলযুক্ত বা অন্য কোনো বিপজ্জনক পদার্থযুক্ত জাহাজের টুকরা সমুদ্র সৈকতে ফেলা যাবে না। এগুলো জাহাজের অভ্যন্তরে বা কোনো বার্জে ফেলতে হবে। পরবর্তীতে ক্রেনের সাহায্যে এগুলোকে অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে পরিবহন করে আনতে হবে। প্রাইমারি কাটিং-এর সময় জাহাজে যাতে সমুদ্রের পানি প্রবেশ না করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ড) সেকেন্ডারি এবং টারশিয়ারি কাটিং কার্যক্রম অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে সম্পন্ন করতে হবে। কাটিং ফ্লোরের চারিপাশে বাঁধ দিতে হবে। উক্ত ফ্লোরে সৃষ্ট তরল বর্জ্য এবং runoff water ড্রেনের মাধ্যমে তরল বর্জ্য পরিশোধনাগারে (ইটিপি) প্রেরণ করে পরিশোধন করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত নির্ধারিত মানমাত্রা নিশ্চিত হওয়া সাপেক্ষে পরিবেশে নির্গমণ করা যাবে।

ঢ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিপ রিসাইক্লিং প্ল্যান প্রতিপালন করতে হবে।

ণ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক শিপ কাটিংএর অনুমতি ব্যতীত জাহাজ কাটার কার্যক্রম শুরু করা যাবে না।

ত) তৈলযুক্ত বর্জ্য সংগ্রহপূর্বক নির্ধারিত সংরক্ষণাগারে সংরক্ষণ করতে হবে এবং ইনসিনারেটরে পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

থ) বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর ৫ নং বিধি অনুসারে বিপজ্জনক বর্জ্যের তথ্য সংরক্ষণ ও যথাযথ সতর্কতার সাথে বিপজ্জনক বর্জ্য বা পদার্থ সংরক্ষণ করতে হবে যাতে কোনো দুর্ঘটনা না ঘটে এবং উক্ত বিধির তফসিল-৯ অনুযায়ী জাহাজের বিপজ্জনক পদার্থের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

দ) জাহাজের সামগ্রীক কার্যক্রম এবং বিশেষভাবে safe-for-entry এবং safe-for-hot work এর জন্য একটি কার্যকর নিরাপত্তা ব্যবস্থাপনা কাঠামো, industrial safety response এবং জরুরি অবস্থা মোকাবেলা করার প্রস্তুতি ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করতে হবে।

ধ) এসআরপি'র ভিত্তিতে বিপজ্জনক জোন বিশেষত বিপজ্জনক পদার্থ যেমন ফুয়েল ট্যাংক ইত্যাদি যে সব স্থানে আছে সে সকল জোন এবং প্রবেশ নিষিদ্ধ জোন পরিষ্কারভাবে চিহ্নিতকরণ, বিপদসংকেত প্রদর্শন এবং শ্রমিকদের এসব বিষয়ে সচেতন করতে হবে।

ন) জাহাজের উঁচু স্থানে কাজ করার জন্য ফল প্রিভেনশন যন্ত্রপাতি সংগ্রহপূর্বক তা ব্যবহার করতে হবে।

প) বদ্ধ জায়গায় কাজ করার সময় পর্যাপ্ত আলো (৩০০ লাক্স বা ততোধিক), গ্যাস মনিটরিং (O_2, CO, H_2S, Lower Explosive Limit Concentrations etc.) , অগ্নিনিরোধক, ফাস্ট এইড এবং পর্যাপ্ত বায়ু চালাচলের ব্যবস্থা করতে হবে।

ফ) এন্টি ফাউলিং পেইন্ট সংগ্রহপূর্বক এয়ারটাইট কন্টেইনারে এবং অন্যান্য পেইন্ট চিপস নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে হবে এবং উচ্চ তাপমাত্রার ইনসিনারেটরে (১২০০ ডিগ্রি সেন্টিগ্রেড) পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

ব) জাহাজ ভাঙ্গা ইয়ার্ডে বা স্ক্র্যাপ জাহাজে কোনো দুর্ঘটনা সংঘটিত হলে ৪৮ ঘন্টার মধ্যে ও বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ -এর তফসিল ৭ অনুসারে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

ভ) জাহাজ ভাঙ্গা কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, কর্মচারি ও শ্রমিকদের (মাস্টাররোলসহ) সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনা সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষণ দিতে হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকদের প্রশিক্ষণ কাজে রিট পিটিশন ৭২৬০/২০০৮ এর আদেশ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

ম) স্ক্র্যাপ জাহাজ ভাঙ্গার ফলে সৃষ্ট জরুরী অবস্থা মোকাবেলার জন্য বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১-এর তফসিল ১২ অনুসারে বিস্তারিত পরিকল্পনা জাহাজ ভাঙ্গা শুরুর পূর্বে প্রস্তুত করে এক প্রস্থ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর বরাবরে দাখিল করতে হবে এবং জাহাজ ভাঙ্গার স্থলে সংরক্ষণ করতে হবে।

য) জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে সম্ভাব্য দুর্ঘটনার প্রকৃতি দুর্ঘটনার সময় ও দুর্ঘটনার পরবর্তী করণীয় ও অকরণীয় সম্পর্কে স্থানীয় জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে ব্যাপক প্রচার কার্য পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

র) প্রত্যেক জাহাজে বিদ্যমান বিপজ্জনক পদার্থ বা বর্জ্যের সর্বশেষ অংশ চূড়ান্তরূপে পরিত্যাজন করার পর ০৩ (তিন) বছর পর্যন্ত এই বিধিতে উল্লেখিত রেকর্ড পত্র সংরক্ষণ করতে হবে।

ল) মাত্রা বহির্ভূত বর্জ্য তেল বিপজ্জনক বর্জ্য পোড়ানোর চুল্লীতে পুড়িয়ে নিষ্পন্ন করা ব্যতীত অন্য কারো নিকট প্রদান বা বিক্রয় বা হস্তান্তর করা যাবে না। উক্ত বর্জ্য তেল সৃষ্টিকারীর অথবা পরিবেশগত ছাড়পত্রধারী বিপজ্জনক বর্জ্য পোড়ানোর ইনসিনারেটর মালিক বা দখলদারের দখলে ছাড়া অন্য কারো দখলে রাখা যাবে না।

শ) দুর্ঘটনাজনিত কারণে শ্রমিক বা কর্মচারীদের ক্ষতিপূরণের বিষয়টি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুসারে এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার ক্ষয়ক্ষতি নির্ধারণ ও ক্ষতিপূরণ আদায় বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ অনুসারে নিষ্পন্ন করতে হবে।

ষ) জাহাজ কাটার পূর্বে পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল কার্যালয়কে অবহিত করতে হবে।

স) বাং লাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৮. **MT. EVER FENG (IMO NO.9102813), জে.এস শীপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং,তেতুলতলা, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১,৭৪৪.৮৬ মেট্রিক টন ওজনবিশিষ্ট MT. EVER FENG (IMO NO.9102813) স্ক্র্যাপ জাহাজ জে.এস শীপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৯. **MV. TASOS (IMO NO.9180906), মেসার্স জাহিদুল এন্টারপ্রাইজ, কাজিপাড়া, কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১০,৭৩৮ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. TASOS (IMO NO.9180906) স্ক্র্যাপ জাহাজ মেসার্স জাহিদুল এন্টারপ্রাইজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১০. **MV. GOLDEN O (IMO NO.9137636), মেসার্স জিরি সুবেদার শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ, দক্ষিণ সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১০,৬৬৪ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. GOLDEN O (IMO NO.9137636) স্ক্র্যাপ জাহাজ মেসার্স জিরি সুবেদার শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১১. **MT. BANGLAR JYOTI (IMO NO.8508943), মেসার্স জিরি সুবেদার শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ, দক্ষিণ সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৩,৭৪০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MT. BANGLAR JYOTI (IMO NO.8508943) স্ক্র্যাপ জাহাজ মেসার্স জিরি সুবেদার শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১২. **MT. BANGLAR SHOURABH (IMO NO.8508955), ফেরদৌস স্টিল শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ, ৯, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৩,৭৮৭ মেট্রিক টন ওজনবিশিষ্ট MT. BANGLAR SHOURABH (IMO NO.8508955) স্ক্র্যাপ জাহাজ ফেরদৌস স্টিল শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৩. **MV. RUN FU 7 (IMO NO.8912522), মেসার্স বিওবি রিসাইক্লিয়ার্স, মধ্যম সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৬,৯৭৭.৬৪ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. RUN FU 7 (IMO NO.8912522) স্ক্র্যাপ জাহাজ মেসার্স বিওবি রিসাইক্লিয়ার্স নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৪. **MT. EQUATOR (IMO NO.9116400), কেআর শিপ রিসাইক্লিং ইয়ার্ড, কাজীপাড়া, কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দা খিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৪২,৬৪৯.১০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MT. EQUATOR (IMO NO.9116400) স্ক্র্যাপ জাহাজ কেআর শিপ রিসাইক্লিং ইয়ার্ড, কাজীপাড়া, কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৫. **MV. EAST PIONEER (IMO NO.9131838), মেসার্স বিওবি রিসাইক্লিয়ার্স, মধ্যম সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১০,৮৯০.৮১ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. EAST PIONEER (IMO NO.9131838) স্ক্র্যাপ জাহাজ মেসার্স বিওবি রিসাইক্লিয়ার্স নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৬. **MV. SUNGHO (IMO NO.9534573), মেসার্স আরব শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং লিমিটেড, দক্ষিণ শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ২,৩৪৫.৪০১ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. SUNGHO (IMO NO.9534573) স্ক্র্যাপ জাহাজ মেসার্স আরব শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং লিমিটেড নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৭. **MT. VIK (IMO NO.6915738), ক্রিস্টাল শিপার্স লিমিটেড, দক্ষিণ সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১,৩৩০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MT. VIK (IMO NO.6915738) স্ক্র্যাপ জাহাজ ক্রিস্টাল শিপার্স লিমিটেড নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৮. **MV. THREE STAR (IMO NO.9125358), মাস্টার এন্ড ব্রাদার্স, উত্তর সোনাইছড়ি, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম** শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৭,৬২৭ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. THREE STAR (IMO NO.9125358) স্ক্র্যাপ জাহাজ মাস্টার এন্ড ব্রাদার্স নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৯. **MV. BEST UNITY (IMO NO.9167368), আসাদী স্টিল এন্টারপ্রাইজ, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম** শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৯,৮২৬ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. BEST UNITY (IMO NO.9167368) স্ক্র্যাপ জাহাজ আসাদী স্টিল এন্টারপ্রাইজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

২০. **MV. SEA WORLD (IMO NO.9146871), মেসার্স আরব শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং লিমিটেড, দক্ষিণ শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৫৫৩৪.৩৭৮ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. SEA WORLD (IMO NO.9146871) স্ক্র্যাপ জাহাজ মেসার্স আরব শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং লিমিটেড নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য

জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

২১. **MV. ELLI (IMO NO.9109495), মেসার্স কে আর স্টিল লিমিটেড, দক্ষিণ শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৯,২৪২ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. ELLI (IMO NO.9109495) স্ক্র্যাপ জাহাজ মেসার্স কে আর স্টিল লিমিটেড নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

২২. **MV. JARUCHA 6 (IMO NO.8524686), মেসার্স এনবি স্টিল, উত্তর সলিমপুর, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৯৭৪.৯০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. JARUCHA 6 (IM□O NO.8524686) স্ক্র্যাপ জাহাজ মেসার্স এনবি স্টিল নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

২৩. **MT. PILATUS 22 (IMO NO.8822284), মেসার্স এনবি স্টিল, উত্তর সলিমপুর, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৯৭৪.৪৭ মেট্রিক টন ওজনবিশিষ্ট MT. PILATUS 22 (IMO NO.8822284) স্ক্র্যাপ জাহাজ মেসার্স এনবি স্টিল নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

২৪. **MV. RICH ANNA (IMO NO.9366847), মেসার্স ডায়নামিক শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ, কদমরসুল, জাহানাবাদ, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম** শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১,০১০.৫০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. RICH ANNA (IMO NO.9366847) স্ক্র্যাপ জাহাজ মেসার্স ডায়নামিক শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৭ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

২৫. **বাখরাবাদ গ্যাস ফিল্ড; গাঙ্গাটিয়া, মুরাদনগর, কুমিল্লা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্রাকৃতিক গ্যাস উত্তোলন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

(খ) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **মেসার্স ইউসুফ আলী টেক্সটাইল; গিরদা নগরপাড়া, দুপ্তরা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রে কাপড় ওয়াশিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৭০০০ গজ গ্রে কাপড় ওয়াশিং ও ফিনিশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৫(২) এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) পরিশোধিত তরল বর্জ্য পুনব্যবহার করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **কুমিল্লা এ্যাকুইফার লিমিটেড; প্লট নং: ১৮৭, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভূগর্ভস্থ পানি পরিশোধনপূর্বক কুমিল্লা ইপিজেডের বিভিন্ন প্রতিষ্ঠানে সরবরাহ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয় থেকে গত ৩০/১১/২০১৪ তারিখে পঅ/চবি/ছাড়পত্র/২০১৪/৪০১ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত শর্তে কুমিল্লা জেলা কার্যালয় থেকে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র সর্বোচ্চ ২২৭১২.৪৬ ঘনমিটার/দিন ক্ষমতাসম্পন্ন ভূগর্ভস্থ পানি উত্তোলন ও পরিশোধনপূর্বক কুমিল্লা ইপিজেডের বিভিন্ন প্রতিষ্ঠানে সরবরাহের জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরে পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরিভাবে চালু রাখতে হবে।

গ) ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকওয়েল ব্যবহার করতে হবে।

ঘ) প্রকল্পের ভূগর্ভস্থ পানি উত্তোলন ও সরবরাহের ক্ষেত্রে ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

